কার্যালয়
মোহনপুর ইউনিয়ন পরিষদ
উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের জানুয়ারী /২০২০ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :
সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ১৬-০১-২০২০ খ্রিঃ রোজ : বৃহস্পতিবার সময় : সাকল ১০.০০ ঘটিকা
সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগনের নাম :

| ক্র: নং | উপস্থিত সদস্যগনের নাম | পদবী | ওয়ার্ড নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: নুরুল হক | চেয়ারম্যান | ১-৯ | স্বাক্ষরিত |
| ০২ | বেগম সন্ধ্যা রাণী দেব | সংরক্ষিতমহিলা | ১.২.৩ | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম স্বপ্না বেগম | সংরক্ষিত মহিলা | ৪.৫.৬ | স্বাক্ষরিত |
| ০৪ | বেগম মোছা: আছিয়া খাতুন | সংরক্ষিত মহিলা | ৭.৮.৯ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: তৈয়বুর রহমান | সাধারণ সদস্য | ১নং | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: ইকবাল হোসেন | সাধারণ সদস্য | ০২ নং | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মামুন রশিদ সেলিম | সাধারণ সদস্য | ৩নং | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: শামছুন নূর | সাধারণ সদস্য | ৪নং | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো: রইছ মিয়া | সাধারণ সদস্য | ৫নং | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: বাবুল মিয়া | সাধারণ সদস্য | ৬নং | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: নুরুল ইসলাম | সাধারণ সদস্য | ৭ নং | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো: আব্দুস ছোবান | সাধারণ সদস্য | ৮নং | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: আজিম উদ্দিন | সাধারণ সদস্য | ৯নং | স্বাক্ষরিত |

আলোচ্যসূচী:

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ক্ষণগণনা কার্যক্রমের শুভ উদ্বোধনী অনুষ্টান সরাসরি সম্প্রচার প্রসঙ্গে।
৩। উপজেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটি গঠন প্রসঙ্গে।
৪। আইনশৃংখলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা।
৫। বিবিধ।

| ক্র: নং | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ২ | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ক্ষণগণনা কার্যক্রমের শুভ উদ্বোধনী অনুষ্টান সরাসরি সম্প্রচার সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করা হয় এবং সে মোতাবেক কর্মসূচী পালনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যেকর্মসূচী পালনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, |
| | সভাপতি সভাকে জানান যে, বৈদেশিক কর্মসংস্থানকে আরও গতিশীল ও দক্ষ করে তোলা, রিক্রুটিং এজেন্সিগুলোর কর্মকান্ডে আরও জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করা, অভিবাসন প্রক্রিয়ায় যুক্ত দালাল ও প্রতারকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, ভিসা | উপজেলা পর্যায়ে উপজেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটি বিষয়ে | সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, |

| | | | |
|---|---|---|---|
| | নিয়ে অনৈতিক প্রতিযোগীতা বন্ধ করা এবং বিদেশগামী কর্মীদের যথাযথ স্বাস্থ্য পরিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে উপজেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির কর্মপরিধি সভায় উপস্থাপণ করা হয় এবং এ বিষয়ে জনসচেতনতায় ভূমিকা রাখার জন্য সদস্যগণকে অনুরোধ জানানো হয়। | জনসচেতনতায় ভূমিকা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪ | অত্র ইউনিয়নের সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে জান্তে চাইলে, সদস্যগণ নিজ নিজ ওয়ার্ডের আইন-শৃংখলা পিরিস্থিতি তুলে বক্তব্য দেন। সদস্যগণ জানান যে বর্তমানে আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কোথাও আইন-শৃংখলা পরিস্থিতি বিঘ্ন হওয়ার খবর পাওয়া যায় নি। আলোচনায় সভাপতি সন্তুষ্টি প্রকাশ করে বলেন- আইন-শৃংখলা পরিস্থিতি অবনতি হওয়ার কোন সম্ভাবনা দেখা দিলে সাথে সাথে যেন অত্রাফিসকে অবহিত করা হয়, এ বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানানো হয়। | প্রস্তাবনার পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, |
| ৫ | বিবিধ আলোচনায় সভাপতি বলেন-ডিসেম্বর/২০১৯ মাসে এ পর্যন্ত মোট ট্যাক্স ২৯০৫/- টাকা ও ট্রেড লাইসেন্স প্রদান বাবদ মোট ৩৪২০/- টাকা আদায় হয়েছে এবং অফিস পরিচালনায় স্টেশনারী সামগ্রী ক্রয়, আনুষঙ্গিক ও আপ্যায়নে মোট ৬৬১৫/= টাকা ব্যয় করা হয়েছে। আলোচনাক্রমে তা সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদীত হয়। | চলতি মাসের আয় ও ব্যয় সর্বসম্মতিতে গৃহীতও অনুমোদীত হয়। | সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, |

অত:পর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সুনামগঞ্জ।

স্মারক নং: ১৫/২০২০ তারিখঃ ১৬/০১/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সুনামগঞ্জ।